**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কারিগরি শিক্ষা অধিদপ্তর**
**এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা**
**শেরে-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।**

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১৯.২৩.০৩৫.২১-২৬০ তারিখ : ২৮/০৭/২০২১ খ্রিঃ

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি প্রসঙ্গে।

সূত্রঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.২৩.০০১.০২১-৮৬৫, তারিখঃ ২৭/৩২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসের কর্মসূচি পালনের জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রেরিত কার্যপত্রটি এতদসংগে প্রেরণ করা হলো। বিবেচ্য পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। সংশ্লিষ্ট কর্মসূচি পালন পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক (৩ পৃষ্ঠা)।

28/7/2021

(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
ইমেইলঃ dtead1@gmail.com

সদয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
২। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল)।
৩। অঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল)।
৪। অধ্যক্ষ, ভিটিটিআই, বগুড়া।
৫। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
৬। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
৭। অধ্যক্ষ/সুপারিটেনটেন্ডেট/প্রধান শিক্ষক, বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।
৮। ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল ষ্টোর, নারায়নগঞ্জ।
৯। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সহকারী পরিচালক (শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ইমেইলে প্রেরণের অনুরোধসহ)।
৫। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

| | | |
|---|---|---|
| **বিষয়** | : | **স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।** |
| **সভাপতি** | : | **জনাব মোঃ আমিনুল ইসলাম খান**<br>**সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ** |
| **তারিখ ও সময়** | : | ২৭ জুলাই, ২০২১ খ্রিষ্টাব্দ, সময় : বিকাল ৩:০০ ঘটিকা। |
| **সভার স্থান** | : | Zoom Application |

সভাপতি সভায় আগত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি এবং ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালোরাতে শহীদ সকলের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি উল্লেখ করেন যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় সভা গত ০৫/০৭/২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার জন্য কর্মসূচি চূড়ান্তকরণের বিষয়ে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে।

০২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কর্মসূচির বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কর্মসূচি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।<br><br>**সিদ্ধান্তঃ** কর্মসূচির আলোকে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং এর আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও সকল শিক্ষা প্রতিষ্ঠান |
| ২. | শিক্ষা প্রতিষ্ঠান/গ্রোথ সেন্টারসহ গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার লাগানো ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।<br><br>**সিদ্ধান্তঃ** কর্মসূচির আলোকে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং এর আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও সকল শিক্ষা প্রতিষ্ঠান |
| ৩. | ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা, কলেজ, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয় ছাত্র/ছাত্রীদের জন্য সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করবে।<br><br>**সিদ্ধান্তঃ** ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে সরকারি-বেসরকারি মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের জন্য সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করবে। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং এর আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও সকল শিক্ষা প্রতিষ্ঠান |

চলমান পাতা-০২

| | | |
|---|---|---|
| ৪. | জাতীয় শোক দিবসের সঙ্গে সংগতি রেখে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ জুলাই ২০২১-এ একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২১-এর প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে।<br><br>**সিদ্ধান্তঃ** কর্মসূচির আলোকে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ৫. | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা ক্রার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।<br><br>**সিদ্ধান্তঃ**<br>(১) প্রত্যেক দপ্তর/সংস্থা/শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব ব্যয়ে নির্ধারিত বই ক্রয় ও বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে।<br>(২) দপ্তর/সংস্থা/গুলো শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত বঙ্গবন্ধু কর্ণার নিয়মিত দৈবচয়ন পদ্ধতিতে পরিদর্শন পূর্বক বঙ্গবন্ধু কর্ণারের মান নিশ্চিত করবে।<br>(৩) এ বিভাগের ৩১/০৫/২০২১ তারিখের ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০২.২১.৫৪০ সংখ্যক পত্রের নির্দেশনা অনুযায়ী সকল MPO ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>(৪) এবিভাগের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট বইসমূহ ক্রয় ও বিভিন্ন প্রতিযোগিতায় পুরস্কার হিসেবে প্রদান এবং শিক্ষার্থীদের পাঠের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও সকল শিক্ষা প্রতিষ্ঠান |
| ৬. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৬৪তম শাহাদতবার্ষিকী পালন উপলক্ষ্যে ০১ লা আগস্ট থেকে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, স্থানীয় সরকার, শিক্ষা ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহারের নির্দেশনা প্রদান করেছে। এ জন্য কতিপয় নির্দেশনা প্রদান করা হয়েছে (পতাকা-ক)।<br><br>**সিদ্ধান্তঃ** এ বিভাগ কর্তৃক সচিবালয়ের ৬নং ভবনে ও পরিবহন পুল ভবনে বর্ণিত কমিটির নির্দেশনা অনুযায়ী আগামী ২৯/০৭/২০২১ তারিখে ড্রপডাউন ব্যানার টাঙাতে হবে। এছাড়া এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/শিক্ষা প্রতিষ্ঠানেও নির্দেশনা মেনে ড্রপডাউন ব্যানার টাঙাতে হবে। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও সকল শিক্ষা প্রতিষ্ঠান |

০২। সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৯।০৭।২০২১

(মোঃ আমিনুল ইসলাম খান)
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.২৩.০০১.০২১- ৮৮৫

তারিখঃ ১২ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ / ২৭ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/মাদ্রাসা/অডিট ও আইন/কারিগরি/উন্নয়ন/কারিগরি-১ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা।
০৪। যুগ্মসচিব (প্রশাসন-১ ব্রাঞ্চ/পরিকল্পনা অধিশাখা/কারিগরি-২ অধিশাখা/অডিট ও আইন/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, আগাগাঁও, ঢাকা।
০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৮। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার), বগুড়া।
০৯। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), বগুড়া।

২৭/০৭/২০২১

(রোকসানা রহমান)
উপসচিব (প্রশাসন)
ফোন: ০২-৯৫৪৫৪৩৪